BENGALI EDITION
GLOBAL HISTORY AND GEOGRAPHY II
THURSDAY, JANUARY 26, 2023
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

**REGENTS HIGH SCHOOL EXAMINATION**

# বৈশ্বিক ইতিহাস এবং ভূগোল সম্পর্কে রিজেন্টস পরীক্ষা II

**বৃহস্পতিবার,** 26 জানুয়ারি, 2023 — সকাল 9:15 থেকে দুপুর 12:15 পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ________________________________________

স্কুলের নাম ________________________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলোতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। আপনাকে একটি আলাদা উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতি পৃষ্ঠার শিরোনাম পূরণ করুন।

এই পরীক্ষায় তিনটি অংশ রয়েছে। আপনাকে সব অংশের **সব** কটি প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II এবং III-তে আপনার উত্তরসমূহ লেখার জন্য কালো বা গাঢ়-নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহুনির্বাচনী প্রশ্ন আছে। উত্তরপত্রে যেভাবে বলা আছে সেভাবে এই প্রশ্নগুলোর উত্তর লিখুন।

**অংশ II** এ দুই সেট গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ) আছে। প্রতিটি গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহের সেট দুটি নথি দিয়ে তৈরি যার পরে আছে কয়েকটি প্রশ্ন। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছবেন, তখন এই অংশের প্রথম পৃষ্ঠায় আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখবেন। এই পরীক্ষার পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**অংশ III** এ পাঁচটি নথির উপর ভিত্তি করে একটি রচনামূলক প্রশ্ন রয়েছে। আপনার রচনার পুস্তিকায় এই প্রশ্নটির উত্তর লিখুন।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই আপনার পৃথক উত্তরপত্রে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

### এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা রাশিগুলি থেকে সেই শব্দটি বা রাশিটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটি সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 এবং 2 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> এদো সময়কাল বহু বছরের রাজনৈতিক ও সামাজিক আন্দোলনের পর এসেছিল। সেনগোকু সময়কাল (যুদ্ধরত রাজ্যসমূহের সময়কাল) নামে পরিচিত জাপানি ইতিহাসের পূর্ববর্তী বিভাগটি দেশের নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন রাজনৈতিক ও ধর্মীয় উপদলের মধ্যে সংঘটিত যুদ্ধ দ্বারা প্রভাবিত ছিল। মহান জেনারেল ওদা নোবুনাগা ও টয়োটোমি হিদেয়োশি এবং অবশেষে জাপানের চূড়ান্ত শোগুনেট গঠনকারী টোকুগাওয়া ইয়েয়াসুর দ্বারা জাপানের একত্রকরণের মাধ্যমে এই যুদ্ধগুলির সমাপ্তি ঘটে।
>
> ইয়েয়াসু একাধিক সামাজিক পরিবর্তনের মাধ্যমে তার ক্ষমতাকে সুসংহত করেছিলেন, যার মধ্যে ছিল একটি কঠোর শ্রেণী ব্যবস্থা প্রবর্তন এবং রাজধানী শহর এদো থেকে শাসক দাইমিও পরিবারসমূহের কঠোর নিয়ন্ত্রণ। ব্যক্তিদের কোন আইনি অধিকার ছিল না এবং পরিবারই সমস্ত সামাজিক স্তরে অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল।…

উৎস: Hokusai online

1 এই অনুচ্ছেদটির উপর ভিত্তি করে, জাপানের সমাজের উপর তোকুগাওয়া শোগুনেটের একটি প্রভাব কী ছিল?

(1) তারা জাপানকে একত্রিত করেছিল।
(2) তারা বাণিজ্যকে উৎসাহিত করেছিল।
(3) তারা শিল্পকে আধুনিকায়িত করেছিল।
(4) তারা সামাজিক শ্রেণীবিভাগ বাতিল করেছিল।

2 এই পরিচ্ছেদের উপর ভিত্তি করে, তোকুগাওয়া শোগুনেটের সময়ে কোন রাজনৈতিক ধারনাটি বাস্তব রূপ পায়?

(1) গণতন্ত্র
(2) স্বৈরতন্ত্র
(3) সমাজতন্ত্র
(4) গোষ্ঠীশাসন

---

3 ও 4 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া শিরোনাম এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**18 শতকের শিরোনামসমূহ**

**A. "অর্থনৈতিক অস্থিরতা সমাজকে গ্রাস করছে"**
**B. "সবার জন্য সমান অধিকারকে রাজা অগ্রাহ্য করছেন"**
**C. "রাজা নিহত, আতঙ্কের শুরু"**
**D. "কর ব্যবস্থা অন্যায্য"**

3 এই শিরোনামগুলোতে অন্তর্ভুক্ত তথ্যগুলো দ্বারা ফরাসী বিপ্লব সম্পর্কে কোন দাবীটি সবচেয়ে ভালভাবে সমর্থিত হয়?

(1) বিপ্লবটি ছিল অপ্রত্যাশিত কারণ ভূস্বামীরা নিয়মিত দেখা করতেন।
(2) রাজা চতুর্দশ লুই খুন হয়েছিলেন শাসিতের সম্মতিতে তার বিশ্বাসের কারণে।
(3) প্রাচীন শাসনব্যবস্থার উপর বিতশ্রদ্ধ হয়ে পড়ার কারণেই বিপ্লবী চেতনা গড়ে উঠেছিল।
(4) আতঙ্কের একমাত্র শিকার ছিল অভিজাত ও ধর্মপ্রচারক সম্প্রদায়।

4 ফরাসী বিপ্লবের উগ্রবাদী অধ্যায়ের সাথে কোন শিরোনামটি সবচেয়ে ঘনিষ্ঠভাবে জড়িত?

(1) A
(2) B
(3) C
(4) D

---

5 এবং 6 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া নথি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**মানুষের ও নাগরিকের অধিকার সংক্রান্ত ঘোষণার একটি অংশ, 1789**

প্রবন্ধসমূহ

1. পুরুষরা জন্ম থেকে শুরু করে স্বাধীন থাকে ও সমান অধিকার পায়। শুধুমাত্র সার্বজনীন উন্নয়নের লক্ষ্যেই সামাজিক বিভেদ তৈরি করা যেতে পারে।
2. সকল রাজনৈতিক সংস্থাসমূহের উদ্দেশ্য হচ্ছে মানুষের স্বাভাবিক ও অবিচ্ছেদ্য [অখণ্ড] অধিকারসমূহকে রক্ষা করা। এই অধিকারগুলো হচ্ছে স্বাধীনতা, সম্পদ, নিরাপত্তা, এবং অত্যাচারের বিরুদ্ধে প্রতিরোধ।
3. সকল সার্বভৌমত্বের মূলনীতি নিহিত আছে জাতির ভিতরে। কোন সংস্থা বা ব্যক্তি এমন কোনো কর্তৃত্ব প্রয়োগ করতে পারে না যা সরাসরি জাতি থেকে প্রদত্ত হয় না।…

উৎস: The Avalon Project at Yale Law School

**মহিলা ও নারী নাগরিকদের অধিকার সংক্রান্ত ঘোষণার একটি অংশ, 1791**

I. নারীরা জন্ম থেকে স্বাধীন ও পুরুষের সাথে সমান অধিকার পায়। শুধুমাত্র সাধারণ সেবাদানের ভিত্তিতেই সামাজিক বিভেদ তৈরি করা যেতে পারে।

II. সমস্ত রাজনৈতিক সংগঠনের লক্ষ্য হল নারী ও পুরুষের স্বাভাবিক এবং অবিচ্ছেদ্য অধিকার সংরক্ষণ করা: যেগুলি হল স্বাধীনতা, মালিকানা, নিরাপত্তা এবং সর্বোপরি নিপীড়নের বিরুদ্ধে প্রতিরোধের অধিকার।

III. সার্বভৌমত্বের নীতিটি মূলত জাতির মধ্যেই থাকে, যা শুধুমাত্র নারী ও পুরুষের একত্রিত হওয়া: অন্যত্র উদ্ভূত কর্তৃত্ব কোনো সংস্থা বা ব্যক্তি দ্বারা প্রয়োগ করা যায় না।…

উৎস: Olympe de Gouges

5 উভয় দলিলই এমন একটি সরকারের পক্ষে কথা বলে যা

(1) রাজনৈতিক দল গঠন বাতিল করে
(2) নাগরিকদের অধিকার সংরক্ষণ করে
(3) ধর্মীয় সংগঠনসমূহ দ্বারা নিয়ন্ত্রিত
(4) সামাজিক ও অর্থনৈতিক শ্রেণীগুলোর বিভেদ মুছে ফেলে

6 এই দলিলগুলো তৈরিতে কার চিন্তাধারা সবচেয়ে বেশি প্রভাব ফেলেছিল?

(1) জন লক
(2) অ্যাডাম স্মিথ
(3) ক্যাথেরিন দ্য গ্রেট
(4) ম্যাক্সিমিলিয়েন রোবস্পিয়ের

7 এবং 8 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …হাতির দাঁত এবং ক্রীতদাস ছিল কঙ্গোর প্রধান রপ্তানি পণ্য, কিন্তু লিওপোল্ড মনোযোগ দিয়েছিলেন রাবারের উপর। 1890-এর দশকে বাইসাইকেল এবং মোটরগাড়ির ব্যাপক বিপণনের ফলে রাবারের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পায় এবং দাম বৃদ্ধি পায়। 1890 সালে কঙ্গোর রেইনফরেস্টে যখন একটি রাবার উৎপাদনকারী লতা আবিষ্কৃত হয়, তখন লিওপোল্ড সকল প্রতিযোগীদের বের করে দেন এবং দুর্লভ পণ্যটির উপর একচেটিয়া অধিকার অর্জন করেন। একটি অনুমান অনুসারে, কঙ্গো 900 শতাংশ লাভে বছরে 20,000 টন অপরিশোধিত রাবার উৎপাদন করত। এই উচ্চ মুনাফার কারণ ছিল মূলত সস্তা শ্রম।…

উৎস: Michael Parker, *Mission Crossroads*, Spring 2017

7 নিচের যে বিষয়টি নিয়ে গবেষণা করা অর্থনীতিবিদের কাছে এই অনুচ্ছেদের তথ্যগুলো সবচেয়ে বেশি গুরুত্ব পাবে সেটি হল

(1) আফ্রিকায় ইউরোপিয় সাম্রাজ্যবাদের কারণসমূহ
(2) ইউরোপে ব্যবহৃত নিয়োগ পদ্ধতিসমূহ
(3) হাতির দাঁতের প্রতি ইউরোপিয়দের আগ্রহের কারণসমূহ
(4) আফ্রিকায় ইউরোপিয় কাঁচামাল আমদানি

8 এই অনুচ্ছেদে বর্ণিত পরিস্থিতি কোন ঘটনার ফলে দেখা দিয়েছিল?

(1) ব্রিটিশ উচ্ছেদ আইন (British Abolition Act) পাস হওয়া
(2) স্যাডলার রিপোর্ট সৃষ্টি
(3) বার্লিন সম্মেলনে মিলিত হওয়া
(4) নেপোলিয়নিক কোডের বাস্তবায়ন

---

9 এবং 10 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …ইংরেজদের কৃষির জন্য সমানভাবে গুরুত্বপূর্ণ ছিল শস্য ও পশুপালনের নতুন উপায়ের বিকাশ। টাউনশেন্ড যে সময় শালগম এবং ক্লোভার নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করছিলেন, প্রায় সেই একই সময়ে একজন ইংরেজ কৃষক, জেথ্রো টুল বীজ রোপণের একটি নতুন উপায় চালু করেছিলেন। অতীতে, কৃষকরা একটি চষা জমির উপরিভাগে বীজ ছড়িয়ে দিতেন। এই বীজগুলির বেশিরভাগই পাখি খেয়ে যেত বা শিকড় গজাত না।
>
> টুল এর পরিবর্তে প্রতিটি বীজকে মাটিতে গভীরভাবে রোপণ করার এবং তারপর তার চারপাশে নিড়ানি দেওয়ার প্রস্তাব করেছিলেন। এর ফলে প্রচুর ফসলের ফলন পাওয়া গিয়েছিল কারণ অনেক বেশি সংখ্যক বীজ বেঁচে ছিল এবং চারা গজিয়েছিল। টুল ঘোড়ায় টানা বীজ ড্রিল এবং নিড়ানি দিয়ে রোপণ করার মাধ্যমে এই প্রক্রিয়াটির উপযোগিতা বৃদ্ধি করেছিলেন।…
>
> এই কৃষি বিপ্লব, যে নামে এই ঘটনাকে আখ্যায়িত করা হয়েছে, তা শিল্প বিপ্লবের মতোই গুরুত্বপূর্ণ ছিল। শিশুদের বেঁচে থাকায় উন্নয়ন এবং মহামারীর অদৃশ্য হওয়ার সাথে মিলিত হওয়া ভাল খাবারের প্রাপ্যতা আরো বেশি তরুণদের প্রাপ্তবয়স্ক বয়স পর্যন্ত বাঁচতে সাহায্য করে এবং প্রাপ্তবয়স্কদের আরও বেশি দিন বাঁচার সুযোগ দেয়। এর মানে হল যে, অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি সময়ে, আরো বেশি লোক বেশি সন্তান নিতে শুরু করে, এবং তারপরে জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পায়।…

উৎস: James A. Corrick, *The Industrial Revolution*, Lucent Books, 1998

9 এই অনুচ্ছেদে বর্ণিত ঘটনাগুলির ফলে কোন পরিস্থিতিটি দেখা দিয়েছিল?

(1) মানুষের গ্রাম্য এলাকার দিকে চলে যাওয়া
(2) জনসংখ্যা বৃদ্ধি
(3) মার্ক্সবাদী চেতনার বিকাশ
(4) আয়ারল্যান্ডে দুর্ভিক্ষ

10 এই অনুচ্ছেদে বর্ণিত কৃষিক্ষেত্রে পরিবর্তনগুলোর মত একই রকম পরিবর্তন নিয়ে এসেছিল কোন ঘটনা?

(1) ইউক্রেনের হলোডোমোর
(2) সাহারা/সাহেলের মরুকরণ
(3) আসওয়ান বাধ নির্মাণ
(4) সবুজ বিপ্লব

---

11 ও 12 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া আলোকচিত্র এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**মহাত্মা গান্ধী সুতা বুনছেন, 1920 এর দশকের শেষ দিকে।**



উৎস: Carnegie Council for Ethics in International Affairs, January 15, 1929

11 এই ছবিটি যে শব্দটির সাথে সবচেয়ে বেশি যুক্ত করা হয় তা হল

(1) শান্তিবন্টন
(2) নিয়ন্ত্রণ
(3) অসহযোগ
(4) পৃথকীকরণ

12 এই ছবিতে গান্ধীর কৃত কাজটি যার প্রতিক্রিয়াস্বরূপ সেটি হল

(1) ভারতে বৃটিশ সাম্রাজ্যবাদ
(2) দক্ষিণ এশিয়ায় রাশিয়ার আক্রমণ
(3) স্নায়ুযুদ্ধের সময় ভারতের নিরপেক্ষতা
(4) দক্ষিণ এশিয়ার দুর্ভিক্ষসমূহ

13 এবং 14 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …আসলেই টুপির খাতিরে জীবন উৎসর্গ হতে চলেছিল। মহিলাদের পর্দা করা প্রসঙ্গে, এটি সরকারীভাবে নিরুৎসাহিত করা হয়েছিল, কিন্তু নিষিদ্ধ ছিল না। যাই হোক না কেন, পর্দা করা ছিল মূলত একটি মধ্যবিত্ত প্রথা, এবং মধ্যবিত্তরা তা বাতিল করে দিয়েছিল। মহিলারা সাধারণত লম্বা হেডস্কার্ফ পরত, যা তারা পুরুষ অপরিচিতদের উপস্থিতিতে তাদের মুখের সামনে টেনে দিত। প্রজাতন্ত্রের সরকার সিভিল সার্ভিস রেগুলেশনের অধীনে স্কুল সহ অফিসিয়াল প্রাঙ্গনে মাথার স্কার্ফ নিষিদ্ধ করেছিল। অন্য জায়গাগুলোতে এগুলি মেনে নেয়া হত এবং এগুলি আজও তুর্কি সমাজের একটি বৈশিষ্ট্য হিসাবে রয়ে গেছে, অন্যদিকে সরকারী সংস্থাগুলিতে মহিলাদের মাথার স্কার্ফের উপর নিষেধাজ্ঞাকে চ্যালেঞ্জ করা হয় যখনই সরকারী চাপ শিথিল হয়।…

উৎস: Andrew Mango, *Atatürk*, The Overlook Press

13 এই অনুচ্ছেদে বর্ণিত কামাল আতাতুর্কের কর্মকাণ্ডসমূহের ফলে কোন পরিবর্তনটি দেখা দিয়েছিল?


(1) সেমিটিজম-বিরোধীতা গ্রহণ করা
(2) আধুনিকীকরণকে প্রত্যাখ্যান করা
(3) তুরস্কের পশ্চিমাকরণ
(4) ইসলামি ঐতিহ্যসমূহের বিস্তার

14 এই অনুচ্ছেদটিতে বর্ণিত প্রমাণাদি কোন দাবিটিকে সবচেয়ে ভালোভাবে সমর্থন করে?

(1) সংস্কারসমূহ সকল ক্ষেত্রে সমানভাবে গৃহিত হয়নি।
(2) স্কুলগুলোতে পোশাকের স্বাধীনতা দেয়া হয়েছিল।
(3) মধ্যবিত্ত শ্রেণীর নারীদের সম্মান দেয়া হয়েছিল।
(4) পোশাকের ধরনকে গুরুত্বপূর্ণ মনে করা হত।

15 ও 16 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া মানচিত্রগুলি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## ইজরাইলের পরিবর্তনশীল সীমান্তসমূহ




উৎস: *Daily Mail,* February 18, 2017 (অভিযোজিত)

15 কোন ঐতিহাসিক ঘটনাটি ম্যাপ A তে দেখানো 1947 সালের পরিকল্পনার উন্নয়নে সবচেয়ে সরাসরি প্রভাব ফেলেছিল?

(1) রাশিয়ার গণহত্যাসমূহ
(2) অস্ট্রো-হাঙ্গেরীয় সাম্রাজ্যের পতন
(3) প্যারিস শান্তি সম্মেলন
(4) হলোকাস্ট

16 এই মানচিত্রে দেখানো পরিবর্তনগুলো থেকে কোন গোষ্ঠী সবচেয়ে বেশি উপকৃত হয়েছে?

(1) জায়োনিষ্ট ও ইহুদী অভিবাসীরা
(2) জর্ডান সরকার
(3) ফিলিস্তিনী জাতীয়তাবাদীরা
(4) লেবাননের নাগরিকরা

17 ও 18 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া বক্তৃতার উদ্ধৃতি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …এমন একটি চিহ্ন আছে যা সোভিয়েতেরা তৈরি করতে পারে, যা হবে নির্ভুল, যা নাটকীয়ভাবে স্বাধীনতা ও শান্তির আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবে। জেনারেল সেক্রেটারি গর্বাচেভ, আপনি যদি শান্তি চান, যদি আপনি সোভিয়েত ইউনিয়ন এবং পূর্ব ইউরোপের সমৃদ্ধি চান, যদি আপনি উদারনৈতিকতা চান: তাহলে এই ফটকের কাছে আসুন! মি. গর্বাচেভ, এই ফটক খুলে দিন! মি. গর্বাচেভ, এই দেওয়াল ভেঙে ফেলুন!...

উৎস: Ronald Reagan, "Remarks on East-West Relations at the Brandenburg Gate in West Berlin," June 12, 1987

17 এই উদ্ধৃতিটি বিশ্লেষণ করে কোন বিষয়টি সর্বোত্তমভাবে অধ্যয়ন করা যেতে পারে?

(1) প্রথম বিশ্বযুদ্ধ
(2) রুশ বিপ্লব
(3) দ্বিতীয় বিশ্বযুদ্ধ
(4) স্নায়ু যুদ্ধ

18 এই উদ্ধৃতিতে বর্ণিত দেয়ালটি যার জন্য ব্যবহৃত হয়েছিল তা হল

(1) পুঁজিবাদের বিস্তারকে উৎসাহিত করা
(2) মানুষের আন্দোলনকে সীমিত করা
(3) সাম্রাজ্যবাদকে উৎসাহিত করা
(4) পারস্পরিক সামরিক সহায়তা প্রতিরোধ করা

---

19 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া বক্তৃতার উদ্ধৃতি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> একাধিক শতাব্দী ধরে, ইউরোপিয়রা আফ্রিকা মহাদেশ শাসন করেছে। শ্বেতাঙ্গ মানুষরা অহংকারের সাথে নিজেদেরকে দিয়েছিল [দাবী করেছিল] শাসন করার অধিকার এবং অ-শ্বেতাঙ্গদের আনুগত্য পাওয়ার অধিকার; তারা দাবী করেছিল যে তাদের উদ্দেশ্য হচ্ছে, আফ্রিকাকে "সভ্য" করা। এই ছদ্মবেশের আড়ালে, ইউরোপিয়রা মহাদেশের বিশাল সম্পদ লুট করে এবং আফ্রিকান জনগণকে অকল্পনীয় দুর্ভোগে ফেলে দেয়।...
>
> এটা স্পষ্ট যে আমাদের অবশ্যই আমাদের সমস্যার একটি আফ্রিকান সমাধান খুঁজে বের করতে হবে, এবং এটি শুধুমাত্র আফ্রিকান ঐক্যের মাধ্যমেই পাওয়া যেতে পারে। বিভক্ত অবস্থায় আমরা দুর্বল; ঐক্যবদ্ধ হলে, আফ্রিকা বিশ্বের অন্যতম সেরা শক্তি হয়ে উঠতে পারে।…


উৎস: Kwame Nkrumah, *I Speak of Freedom*, 1961

19 কোন পরিস্থিতি সম্ভবত কোয়ামে নক্রুমাহ (Kwame Nkrumah)-এর এই 1961 বক্তৃতাটিকে প্রভাবিত করেছিল?

(1) আফ্রিকার দ্রুত শিল্পায়ন
(2) আফ্রিকায় ইসলামী প্রজাতন্ত্রসমূহের সৃষ্টি
(3) ইউরোপিয় ঔপনিবেশিক সম্প্রসারণের জন্য আফ্রিকানদের ক্রমবর্ধমান সমর্থন
(4) আফ্রিকা মহাদেশে ইউরোপিয় রাজনৈতিক ও অর্থনৈতিক নিয়ন্ত্রণ

---

20 ও 21 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




রানান লুরি। 1970।

উৎস: *A Cartoon History of United States Foreign Policy, 1776-1976*

20 1970 সালের এই রাজনৈতিক কার্টুনে কোন দৃষ্টিভঙ্গি প্রকাশ করা হয়েছে?

(1) সোভিয়েত ইউনিয়নের কাছে মার্কিন যুক্তরাষ্ট্রের তুলনায় কম পারমাণবিক অস্ত্র ছিল।
(2) মার্কিন যুক্তরাষ্ট্র তাদের পারমাণবিক অস্ত্রের জন্য বেশি অর্থ প্রদান করেছে।
(3) অস্ত্র নিয়ন্ত্রণ আলোচনার ফলে ব্যয় এবং অস্থিতিশীলতা দেখা দেয়।
(4) সোভিয়েত এবং আমেরিকান উভয় নাগরিকরাই আরো অস্ত্র উৎপাদন করতে চেয়েছিল।

21 কোন ক্রিয়াটি এই কার্টুনে চিত্রিত ঘটনার একটি সরাসরি ফলাফল ছিল?

(1) সোভিয়েত ইউনিয়ন ভারত ও পাকিস্তানের কাছে পারমাণবিক অস্ত্র বিক্রি করেছিল।
(2) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের ক্ষমতা বেড়েছিল।
(3) মার্কিন যুক্তরাষ্ট্র এবং সোভিয়েত ইউনিয়নে ক্ষেপণাস্ত্রের সংখ্যার উপর সীমা নির্ধারণ করা হয়েছিল।
(4) মাও সেতুং-এর অধীনে চিন অতিরিক্ত পারমাণবিক অস্ত্র পেয়েছিল।

22 এবং 23 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

এই সাক্ষাৎকারে দেং জিয়াওপিং (Deng Xiaoping) চিনের অর্থনীতিতে পরিবর্তন নিয়ে আলোচনা করেছেন।

> "সমাজতন্ত্র এবং বাজার অর্থনীতির মধ্যে কোনো মৌলিক দ্বন্দ্ব নেই। সমস্যা হল কীভাবে উৎপাদনশীল শক্তিকে আরো কার্যকরভাবে গড়ে তোলা যায়। আমাদের আগে একটি পরিকল্পিত অর্থনীতি ছিল, কিন্তু বছরের পর বছর ধরে আমাদের অভিজ্ঞতা প্রমাণ করেছে যে সম্পূর্ণ পরিকল্পিত অর্থনীতি উৎপাদনশীল শক্তির বিকাশকে একটি নির্দিষ্ট পরিমাণে বাধাগ্রস্ত করে। যদি আমরা একটি পরিকল্পিত অর্থনীতিকে বাজার অর্থনীতির সাথে একত্রিত করি, তাহলে আমরা উৎপাদনশীল শক্তিকে মুক্ত করতে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির গতি বাড়াতে আরো ভালো অবস্থানে থাকব।"…

উৎস: Selected Works of Deng Xiaoping, Vol 3

22 এই অনুচ্ছেদে কোন সমস্যাটি সবচেয়ে ভালভাবে বর্ণনা করা হয়েছে?

(1) কারখানা কর্মীদের দারিদ্র্য
(2) একটি বাজার অর্থনীতির সীমাবদ্ধতা
(3) অর্থনৈতিক প্রবৃদ্ধির ধীর গতি
(4) বিদেশী বিনিয়োগকারীদের প্রাধান্য বিস্তার

23 এই অনুচ্ছেদে কোন প্রতিক্রিয়াটির প্রস্তাব দেওয়া হয়েছে?

(1) একটি মিশ্র অর্থনীতি তৈরি করা
(2) সকল কমিউনিস্ট নীতিমালা প্রত্যাখ্যান করা
(3) একটি ঐতিহ্যবাহী অর্থনীতিতে ফিরে যাওয়া
(4) সমাজতন্ত্রের উপর পুঁজিবাদকে প্রাধান্য দেওয়া

---

24 ও 25 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া উক্তি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> …"স্বাধীনতার দিকে আমাদের অগ্রযাত্রা অপরিবর্তনীয়। আমরা ভয়কে আমাদের পথে বাধা হয়ে দাঁড়াতে দিতে পারি না। একটি ঐক্যবদ্ধ গণতান্ত্রিক এবং অ-বর্ণবাদী দক্ষিণ আফ্রিকায় সাধারণ ভোটারদের ভূমিকাতে সার্বজনীন ভোটাধিকার হল শান্তি এবং জাতিগত সম্প্রীতির একমাত্র উপায়।"…

উৎস: Excerpt of Nelson Mandela's speech upon his release from prison, February 11, 1990

24 এই উক্তিটিতে, নেলসন ম্যান্ডেলা (Nelson Mandela) কোন নীতিমালার সমাপ্তির প্রতি ইঙ্গিত করছেন?

(1) স্ব-নির্ধারণ
(2) আরোপিত দেশত্যাগ
(3) বর্ণ বৈষম্য
(4) নগরায়ন

25 দক্ষিণ আফ্রিকায় সার্বজনীন ভোটাধিকারের প্রতি ম্যান্ডেলার সমর্থনের ফলে যা দেখা দেয় তা হল


(1) শ্বেতাঙ্গ সংখ্যালঘুদের দ্বারা নিয়ন্ত্রণের অবসান
(2) গণ অভিবাসন
(3) জাতিসংঘের (United Nations, UN)-এর সদস্যপদ
(4) ব্যক্তিমালিকানাধীন খামারসমূহ বাজেয়াপ্তকরণ

---

26 থেকে 28 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

### আপনার পোশাক যেখানে তৈরি হয়েছিল

2016 সালে, মার্কিন যুক্তরাষ্ট্র প্রায় 27 বিলিয়ন পোশাক আমদানি করেছে। যে শীর্ষ 10টি দেশ থেকে এই পোশাকগুলি এসেছে তাদের তালিকা দেওয়া হল।




উৎস: *New York Times Upfront Magazine*

26 কোন ধরনের সমাজ বিজ্ঞানীর এই মানচিত্রে দেখানো তথ্য ব্যবহার করার সম্ভাবনা সবচেয়ে বেশি?

(1) অর্থনীতিবিদ
(2) নৃবিজ্ঞানী
(3) ঐতিহাসিক
(4) সমাজবিদ

27 এই মানচিত্রে দেওয়া তথ্য দ্বারা কোন উক্তিটি সবচেয়ে ভালভাবে সমর্থিত?

(1) অনেক আফ্রিকান দেশ রপ্তানির জন্য প্রচুর পরিমাণে পোশাক তৈরি করে।
(2) অনেক এশীয় দেশে শিল্পায়নের জন্য প্রয়োজনীয় প্রযুক্তির অভাব রয়েছে।
(3) মার্কিন যুক্তরাষ্ট্রের পোশাক আমদানি মূলত এশিয়া থেকে আসে।
(4) মধ্য আমেরিকা বেশিরভাগ পোশাক ভারত থেকে আমদানি করে।

28 এই মানচিত্রে দেখানো তথ্যের ভিত্তিতে, আমদানিকৃত পোশাকের 42% যে চিনে তৈরি হয়, তা থেকে কী অনুমান করা যায়?

(1) চিনা সরকারী নীতিমালায় রপ্তানির জন্য উৎপাদন সমর্থন করা হয়।
(2) চিনা সরকার কারখানার শ্রমিকদের সুরক্ষার জন্য কঠোর প্রবিধান প্রয়োগ করে।
(3) কারখানার আশেপাশে পরিবেশ রক্ষার জন্য চিনের কঠোর আইনি ব্যবস্থা রয়েছে।
(4) চিন সরকার মধ্য আমেরিকায় রপ্তানিকে উৎসাহিত করে।

**এই পৃষ্ঠাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।**

**নাম** ______________________________ **স্কুল** ______________________________

**প্রদত্ত স্থানে 29–34b প্রশ্নগুলোর উত্তর লিখুন। এই প্রশ্নগুলোর উত্তর দিতে কাল বা গাঢ়-নীল কালির কলম ব্যবহার করুন।**

## অংশ II

## অল্প-কথায় উত্তর গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ)

**এই প্রশ্নগুলো সাথে থাকা নথিগুলোর উপর ভিত্তি করে তৈরি এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। প্রতিটি গঠিত-সাড়া প্রদানের প্রশ্নসমূহ (CRQ) সেট দুটি নথি দিয়ে তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলোর মধ্যে কয়েকটি সম্পাদিত হয়েছে। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।**

অংশ II-এ আপনার উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলো অবশ্যই মনে রাখবেন:

**সনাক্ত করুন**—অর্থ একটি নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—অর্থ সরল করা বা বোঝা যায় এমন করা; কোনো কিছুর জন্য কারণ দেওয়া বা কোনো কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোনো কিছুর সাথে সম্পর্ক।

---

### সংক্ষিপ্ত-উত্তর CRQ সেট 1 কাঠামো

- প্রশ্ন 29 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 30 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 31 নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলোর মধ্যে সম্পর্ক)

---

### সংক্ষিপ্ত-উত্তর CRQ সেট 2 কাঠামো

- প্রশ্ন 32 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 33 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 34a ও 34b নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলোর মধ্যে সম্পর্ক)

---

***CRQ সেট 1 নির্দেশনা* (29–31):** নথিগুলো বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলোর উত্তর দিন।

29 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 1

রবার্ট লি (Robert Ley)-এর জার্মানিতে কয়েকটি পদ ছিল। তিনি ছিলেন রাইখের সাংগঠনিক নেতা, দলের আভ্যন্তরীণ শিক্ষার বেশিরভাগ অংশের দায়িত্বে নিয়োজিত। সেই সাথে তিনি জার্মান শ্রমিক ফ্রন্ট, নাৎসি “ইউনিয়ন”-এর প্রধানও ছিলেন। এই ভাষণটি দেওয়া হয়েছিল 3 নভেম্বর, 1936 তারিখে।

আমরা ক্ষমতায় থাকার তিন বছরেরও বেশি সময় ধরে অনেক কিছু অর্জন করেছি। আমি বিশ্বাস করি না যে এই সন্ধ্যাটি আমাদের সমস্ত দুর্দান্ত সাফল্যের তালিকা করার জন্য যথেষ্ট দীর্ঘ হবে। দুটি তথ্য এখানে গুরুত্বপূর্ণ: জার্মানরা আজ এক সম্পূর্ণ ভিন্ন ব্যক্তি হয়ে উঠেছে! শ্রমিক হোক, কারিগর হোক, কৃষক হোক বা মধ্যবিত্তের সদস্য, আমরা সবাই সম্পূর্ণ নতুন মানুষ! অতীতের কিছু চিহ্ন এখনও রয়ে গেছে, হাজার হোক, যাদুঘরে রাখার মত কিছু জিনিস সব সময়ই থাকতে হবে। ধীরে ধীরে সেগুলি হারিয়ে যাবে। আমাদের জনগণের বিস্তৃত, বৃহৎ এবং বিশাল অংশ এখন সম্পূর্ণরূপে পরিবর্তিত হয়েছে। তারা রূপান্তরিত হয়েছে।…

জার্মানি নতুন করে জন্ম নিয়েছে। ফুয়েরার [হিটলার] শেষ পার্টির সমাবেশে বলেছিলেন, যেমন তিনি সবসময় বলেন, তার জন্য যুগের সবচেয়ে বড় অলৌকিক ঘটনা হল মানুষ কীভাবে পরিবর্তিত হয়েছে। একদা যেখানে ছিল হতাশা, আজ সেখানে আছে আনন্দ এবং নিশ্চয়তা, একদা যেখানে ছিল সাধারণ অস্থিরতা, আজ সেখানে রয়েছে পুনরুত্থান এবং পুনর্জাগরণ। একদা সবাই ছিল তাদের প্রতিবেশীর শত্রু। হিংসা, অবিশ্বাস, ঘৃণা সর্বত্র ছিল; অথচ আজ, প্রত্যেকে অপরের জন্য ভাল কিছু করার চেষ্টা করে, এমনকি কখনও কখনও খুব বেশি শক্তি এবং উৎসাহ দিয়ে হলেও। প্রত্যেকেই একজন ভালো কমরেড, অনুগত, বন্ধুত্বপূর্ণ হতে চায়…

উৎস: Robert Ley, “Fate — I believe!,” November 3, 1936

29 রবার্ট লি (Robert Ley)-এর বক্তৃতার এই উদ্ধৃতাংশে বর্ণিত ঘটনাসমূহের কারণ ছিল এমন ঐতিহাসিক পরিস্থিতিগুলি ব্যাখ্যা করুন। [1]

Score

30 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 2 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**নথি 2**

নুরেমবার্গ ট্রায়াল 20 নভেম্বর, 1945 থেকে 1 অক্টোবর, 1946 পর্যন্ত অনুষ্ঠিত হয়েছিল। মিত্র শক্তি, গ্রেট ব্রিটেন, ফ্রান্স, সোভিয়েত ইউনিয়ন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের বিচারক এবং প্রসিকিউটররা 22 জন নাৎসি কর্মকর্তার শুনানিতে সভাপতিত্ব করেন। 23টি দেশের 325টি সংবাদপত্র, রেডিও এবং নিউজরিলের সংবাদদাতারা এই কার্যক্রম পর্যবেক্ষণ করেন।

> …যুদ্ধের বাস্তবতা এবং যুদ্ধের গতিপথ, যা আমাদের আলোচনার কেন্দ্রীয় বিষয়বস্তু, তা হল ইতিহাস। 1 সেপ্টেম্বর, 1939, যখন জার্মান সেনাবাহিনী পোলিশ সীমান্ত অতিক্রম করে, তখন থেকে 1942 সালের সেপ্টেম্বর, যখন তারা স্ট্যালিনগ্রাদে মহাকাব্যিক প্রতিরোধের মুখোমুখি হয়েছিল, সেই সময় পর্যন্ত জার্মান অস্ত্রগুলিকে অজেয় মনে হচ্ছিল। ডেনমার্ক এবং নরওয়ে, নেদারল্যান্ডস এবং ফ্রান্স, বেলজিয়াম এবং লুক্সেমবার্গ, বলকান এবং আফ্রিকা, পোল্যান্ড এবং বাল্টিক রাষ্ট্রসমূহ এবং রাশিয়ার কিছু অংশ অত্যন্ত দ্রুত, শক্তিশালী, ও সুনির্দিষ্টভাবে লক্ষ্যবস্তুতে আঘাত করে দখল এবং জয় করা হয়েছিল। বিশ্বের শান্তির উপর এই আক্রমণটি হল আন্তর্জাতিক সমাজের বিরুদ্ধে অপরাধ যা তার সহায়তা এবং প্রস্তুতির ক্ষেত্রে অপরাধগুলিকে আন্তর্জাতিক স্বীকৃতি [বোঝার] মধ্যে নিয়ে আসে যা অন্যথায় শুধুমাত্র অভ্যন্তরীণ উদ্বেগ হতে পারে। এটি ছিল একটি আক্রমণাত্মক যুদ্ধ, যা বিশ্বের জাতিগুলো ঘৃণার সাথে পরিত্যাগ করেছিল। এটি ছিল বিশ্বের শান্তি রক্ষাকারী নানা চুক্তি লঙ্ঘন করে সৃষ্ট একটি যুদ্ধ।
>
> এই যুদ্ধটি হঠাৎ করে ঘটেনি - এটি ছিল দীর্ঘ সময় ধরে পরিকল্পিত এবং প্রস্তুতি নেওয়ার মাধ্যমে সংঘটিত এবং এর পেছনে দক্ষতা ও ধূর্ততাও কম ছিল না। বিশ্ব সম্ভবত কোনো জাতির শক্তির এত ঘনত্ব ও উদ্দীপনা আগে দেখেনি যা জার্মানিকে পরাজিত, নিরস্ত্র এবং টুকরো টুকরো হয়ে যাওয়ার 20 বছর পরে এসে তাদের ইউরোপে আধিপত্য বিস্তারের পরিকল্পনা বাস্তবায়নের খুব কাছাকাছি নিয়ে গিয়েছিল।…

উৎস: Robert H. Jackson, "Opening Statement before the International Military Tribunal"

30 এই উদ্ধৃতির উপর ভিত্তি করে রবার্ট জ্যাকসনের (Robert Jackson) উদ্বোধনী বিবৃতিতে অন্তর্ভুক্ত বিষয়াবলীকে দর্শকরা কীভাবে প্রভাবিত করেছে তা ব্যাখ্যা করুন। [1]

________________________________________

________________________________________

________________________________________

Score

31 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও 2 ***উভয়*** এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**কারণ**—বলতে এমন বিষয়কে বোঝায়, যা কোনো ঘটনা সংঘটিত হওয়ার পেছনে কাজ করে, কোনো ধারণা সৃষ্টিতে প্রভাব ফেলে বা কোনো কিছু সৃষ্টির পেছনে দায়ী থাকে।

**প্রভাব**—ঘটনা, একটি ধারনা বা একটি বিকাশের পরিণামস্বরুপ যা ঘটে (ফলাফল, প্রভাব, পরিণতি)।

31 এই নথিগুলোতে প্রাপ্ত ঘটনা এবং/অথবা ধারণাগুলোর মধ্যে কারণ-ও-প্রভাবের মধ্যকার সম্পর্ক সনাক্ত করুন ***এবং*** ব্যাখ্যা করুন। আপনার উত্তরে নথি 1 ও 2 ***উভয়*** থেকে অবশ্যই প্রমাণ ব্যবহার করবেন। [1]

Score

***CRQ সেট 2 নির্দেশনা* (32-34b)**: নথিগুলো বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত-উত্তরের প্রশ্নগুলোর উত্তর দিন।

32 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 1 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 1

"যুদ্ধ বালিকা" ("War Girls") শিরোনামের এই কবিতাটি 1916 সালে ইংল্যান্ডে প্রকাশিত হয়েছিল।

যে মেয়েটা ট্রেনে আপনার টিকিট পরীক্ষা করে,
এবং যে মেয়েটা এক তলা থেকে আরেক তলায় লিফট [এলিভেটর] চালিয়ে নেয়,
যে মেয়েটা বৃষ্টিতে ভিজে দুধ বিক্রি করে বেড়ায়,
এবং যে মেয়েটা আপনার দরজায় এসে কী লাগবে জানতে চায়।
সবল, বুদ্ধিমতী, ও সুস্থ,
ওরা সবাই ওদের সাহস দেখাতে উদগ্রীব,
এবং শক্তি আর দক্ষতা দিয়ে কাজ করতে চায়।
আর খাঁচার বন্দী হয়ে থাকা নয়,
ওরা ওদের দায়িত্ব ঠিকই পালন করে যাবে
যতক্ষণ খাকি পোশাকের সৈন্যরা কুচকাওয়াজ করতে করতে ফিরে না আসে।

যে মেয়েটা একটা ভারি ভ্যান গাড়ি চালিয়ে নিয়ে যায়,
যে মাংসবিক্রেতা মেয়েটা আপনার চাওয়া মাংস দিয়ে যায়,
যে মেয়েটা একজন পুরুষের মতই 'সবার ভাড়া বের করুন!' বলে হাঁক দেয়,
এবং যে মেয়েটা রাস্তায় শিষ দিয়ে ট্যাক্সি ডাকে।
প্রতিটি উর্দির নিচে
স্পন্দিত হচ্ছে একটি নরম, উষ্ণ হৃদয়,
যদিও মায়ের উপস্থিত বিচক্ষণতায় [স্বাভাবিক বুদ্ধি] তারা কেউ কম যায় না;
কিন্তু একটি সাদামাটা সত্যি কথা হল এই যে,
ভালবাসা বা চুম্বনের সময় নেই ওদের
যতক্ষণ খাকি পোশাকের সৈন্যরা কুচকাওয়াজ করতে করতে ফিরে না আসে।

উৎস: Jessie Pope, "War Girls," Poetry Foundation, 1916

32 এই কবিতায় নারীদের যে ভূমিকা পালন করার কথা বলা হয়েছিল সেটি যে ঐতিহাসিক পরিস্থিতির ফলে উদ্ভূত হয়েছিল তা ব্যাখ্যা করুন। [1]

___

___

___

Score

33 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 2 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

জার্মান জাতীয় সমাজতান্ত্রিক মহিলা লীগ তৈরি হয়েছিল 1931 সালে। 1936 সালে, জাতীয় সমাজতান্ত্রিক মহিলা লীগের সদস্য এমিলি মুলার-জাডো (Emilie Muller-Zadow) এই প্রবন্ধটি লিখেছিলেন।

> একটি ক্রমবর্ধমান স্বীকৃতি রয়েছে যে মায়েরা তাদের জাতির ভাগ্য তাদের হাতে বহন করে এবং একটি জাতির সাফল্য বা ধ্বংস নির্ভর করে মাতৃত্বের ভূমিকার প্রতি তাদের মনোভাবের উপর।
>
> জাতি এবং গোষ্ঠী হচ্ছে সৃষ্টির সত্য, যা গঠন ও সংরক্ষণে আমাদেরও অংশীদার হওয়ার আহ্বান জানানো হয়। তাই একটি জাতীয় নেতৃত্ব যে তাদের মায়েদের সম্মান করে এবং শ্রদ্ধা করে তারা সুস্থ ও সঠিক পথে রয়েছে।...
>
> অ্যাডলফ হিটলার তৃতীয় রাইখের নারীদেরকে যে স্থানটি নির্ধারণ করে দিয়েছেন তা তাদের প্রাকৃতিক এবং ঐশ্বরিক নিয়তির সাথে মিলে যায়। তাদের জন্য সীমা নির্ধারণ করা হচ্ছে, যা আগে তারা প্রায়শই পুরুষালি বৈশিষ্ট্য গ্রহণের নিষ্ফল ইচ্ছায় লঙ্ঘন করত। তাদের জন্য এখন যে লক্ষ্যগুলি নির্ধারিত হয়েছে তার মূল্য এবং পবিত্রতা দীর্ঘদিন ধরে অস্বীকৃত ছিল এবং মানুষ ভুলে গিয়েছিল; এবং এখন জনগণের মা হিসাবে তাদের পেশাকে যথাযথ সম্মান দেওয়া হচ্ছে, যেখানে তারা চিরন্তন আইন অনুসারে তাদের সমৃদ্ধ আবেগ এবং আধ্যাত্মিক শক্তির বিকাশ করতে পারেন এবং সেটিই করা উচিত। মহিলাদের জন্য জাতীয় সমাজতন্ত্রের এই জেগে ওঠার আহ্বান আরও একটি ইঙ্গিত দেয় যে জার্মানিতে আজ এটি নির্বিচারে জারি করা আইন নয়, বরং একটি জাতি অপরিহার্য, চিরন্তন নিয়মের দিকে ফিরে যাচ্ছে।
>
> তাই এটা মোটেও আশ্চর্যের কিছু নয় যে রাষ্ট্র এবং দল মায়েদের শিক্ষাকে একচেটিয়াভাবে তাদের দায়িত্ব বলে দাবি করে এবং জোর দেয় যে সমস্ত প্রশিক্ষণ শুধুমাত্র জাতীয় সমাজতন্ত্রীদের দ্বারা এবং জাতীয় সমাজতন্ত্রের নীতি অনুসারে পরিচালিত হয়। কারণ একজন মা তার সন্তানকে যেভাবে দেখেন, যেভাবে তিনি তার যত্ন নেন, শেখান এবং গড়ে তোলেন, তার মধ্যে যে নীতিগুলি স্থাপন করেন, যে মনোভাব তিনি তার কাছে দাবি করেন, সেগুলি সবই জার্মান নৈতিকতার জন্য, জাতীয় স্বাস্থ্যের জন্য, এবং ভবিষ্যতের জাতির ঐক্যবদ্ধ সামগ্রিক মানসিকতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। . . .

উৎস: Emilie Muller-Zadow, “Mothers Who Give Us the Future,” 1936

33 এই প্রবন্ধের উপর ভিত্তি করে মাতৃত্ব সম্পর্কে জার্মান জাতীয় সমাজতান্ত্রিক মহিলা লীগের দৃষ্টিভঙ্গি চিহ্নিত করুন। [1]

Score

**সাদৃশ্য**—বলতে বোঝায়, কেমনভাবে কোনো কিছুর সাথে অন্য কিছুর মিল হয় বা অন্য কিছুর সমান হয়।

**পার্থক্য**—বলতে বোঝায়, কেমনভাবে কোনো কিছুর সাথে অন্য কিছুর অমিল হয় বা অন্য কিছুর সমান হয় না।

34a-34b নথি 1 ও 2 ***উভয়*** থেকে প্রমাণ এবং সমাজ বিদ্যা সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে:

a) 1916 সালে ইংল্যান্ডের মহিলাদের এবং 1930-এর দশকে জার্মানির মহিলাদের সামাজিক প্রত্যাশার মধ্যে একটি মিল ***বা*** পার্থক্য চিহ্নিত করুন। [1]

b) উভয় নথি থেকে প্রমাণ ব্যবহার আপনার শনাক্তকৃত সাদৃশ্য ***বা*** পার্থক্য ব্যাখ্যা করুন। [1]

Score

## অংশ III

## (প্রশ্ন 35)

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা

প্রশ্নটি তার সাথে থাকা নথিগুলির উপর ভিত্তি করে তৈরি। এই প্রশ্নটি ঐতিহাসিক নথিপত্রসমূহ নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য প্রণয়ন করা হয়েছে। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলোর মধ্যে কয়েকটি সম্পাদিত হয়েছে। আপনি নথিগুলোর বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং নথিতে যদি কোনো দৃষ্টিভঙ্গি উপস্থাপন করা হয় তাহলে সেগুলো বিবেচনা করবেন। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।

***নির্দেশনা:*** পাঁচটি নথির প্রতিটি পড়ুন এবং বিশ্লেষণ করুন এবং একটি সুগঠিত রচনা লিখুন যাতে একটি ভূমিকা, বেশ কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার থাকবে। সমাজ বিজ্ঞানের উপর আপনার জ্ঞান ও নথিগুলো থেকে প্রাপ্ত প্রমাণের উপর ভিত্তি করে প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিস্তারিত তথ্য দিয়ে আপনার উত্তরটি সমর্থন করুন।

**কোনো দীর্ঘস্থায়ী সমস্যা হল এমন একটি চ্যালেঞ্জ বা সমস্যা, যা দীর্ঘ সময় ধরে বিতর্কিত বা আলোচিত। দীর্ঘস্থায়ী সমস্যা হল এমন একটি সমস্যা যার মোকাবিলা করার চেষ্টা করেছে বহু সমাজ, ভিন্ন পর্যায়ের সফলতা সহ।**

**কাজ:**

- এই নথিগুলোর মাধ্যমে ফুটিয়ে তোলা একটি দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন ***এবং*** ব্যাখ্যা করুন
- সামাজিক বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান এবং নথি থেকে প্রমাণ ব্যবহার করে আপনি যে সমস্যাটি নির্বাচন করেছেন তা কেন তাৎপর্যপূর্ণ ***এবং*** এটি কীভাবে স্থায়ী হয়েছে তা নিয়ে বিতর্ক করুন

**আপনার রচনায় নিশ্চিত করুন যে**

- *অন্তত* ***তিনটি*** নথির ঐতিহাসিকভাবে নির্ভুল ব্যাখ্যার উপর ভিত্তি করে দীর্ঘস্থায়ী সমস্যাটি করুন
- *অন্তত* ***তিনটি*** নথি থেকে প্রাসঙ্গিক প্রমাণ ব্যবহার করে সমস্যাটি ব্যাখ্যা করুন
- নিম্নলিখিত বিষয়গুলো দেখানোর এই দীর্ঘস্থায়ী বিষয়টি যে একটি তাৎপর্যপূর্ণ সমস্যা সে বিষয়ে যুক্তি দিন:
  – কীভাবে এই সমস্যাটি মানুষকে প্রভাবিত করেছে বা মানুষ দ্বারা প্রভাবিত হয়েছে
  – সমস্যাটি কীভাবে সমস্যা হিসেবে থেকে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে
- সমাজ বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে বাইরে থেকে প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করুন

অংশ III এ আপনার উত্তর লেখার সময়, এই ব্যাখ্যাগুলো অবশ্যই মনে রাখবেন:

**সনাক্ত করুন**—মানে হল, একটি নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—অর্থ সরল করা বা বোঝা যায় এমন করা; কোন কিছুর জন্য কারণ দেওয়া বা কোন কিছুর কারণ বলা; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা কোন কিছুর সাথে সম্পর্ক।

**যুক্তি দিন**—মানে হল, এমন কয়েকটি বিবৃতি প্রদান যা কোনো উপসংহারের সমর্থনে প্রমাণ ও কারণ প্রদান করে।

## নথি 1

### রুটি ও ফরাসী বিপ্লব

…ক্রমবর্ধমান সংখ্যায় ঘটতে থাকার কারণে, শস্য দাঙ্গার শক্তিশালী প্রতিক্রিয়া হতে পারত। 1789 সালের শীত ও বসন্তের সময়, রুটির দাঙ্গা ছিল খুবই সাধারণ ঘটনা। প্রকৃতপক্ষে, 14 জুলাই 1789-এ বাস্তিলের পতনের ফলে যে দাঙ্গা হয়েছিল এবং যেটি ফরাসী বিপ্লবের প্রাথমিক পর্যায়ে এগিয়ে যেতে সাহায্য করেছিল তা শুরু হয়েছিল অস্ত্র ও শস্যের সন্ধান হিসাবে। প্যারিসবাসীরা ঠিকই সন্দেহ করেছিল যে কিছু লোক উচ্চ মূল্যের প্রত্যাশায় শস্য মজুত করেছিল এবং তারা এই মজুতদারির প্রতিবাদে রাস্তায় নেমেছিল।

ফরাসী বিপ্লবের প্রাথমিক পর্যায়ে, রুটির দাম বৃদ্ধি ছিল একটি প্রধান উদ্বেগের বিষয়; জনগণ যদি রুটি পেতে না পারে তবে তারা কী করবে তা নিয়ে নতুন সরকার উদ্বিগ্ন থাকায় তারা দাম, মজুতদারির অভিযোগ এবং অন্যান্য অনুরূপ উদ্বেগের বিষয়ে অভিযোগের দ্রুত প্রতিক্রিয়া জানায়।

এই দাঙ্গাগুলি এবং আরও সহজভাবে, দাঙ্গার হুমকি বিপ্লবকে এগিয়ে নিয়ে যেতে এবং এটিকে ক্রমবর্ধমানভাবে উগ্রবাদী করে তুলতে সাহায্য করেছিল।

দাঙ্গাকারীরা এমনকি রুটি এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসের দাম নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছিল। কিন্তু মূল্যস্ফীতি শস্যের ঘাটতির পাশাপাশি একটি সমস্যা হয়ে দাঁড়ায়।…

উৎস: Michael R. Lynn, “Riots and Rye: Bread and the French Revolution,” The Ultimate History Project online

## নথি 2

…লুডাইট বিশৃঙ্খলা এমন পরিস্থিতিতে শুরু হয়েছিল যেটা অন্তত বাহ্যিকভাবে আমাদের নিজেদের মতোই। 19 শতকের শুরুতে ব্রিটিশ কর্মজীবী পরিবারগুলি অর্থনৈতিক অস্থিরতা এবং ব্যাপক বেকারত্ব সহ্য করছিল। ইয়র্কশায়ারের ইতিহাসবিদ ফ্র্যাঙ্ক পিল লিখেছিলেন যে নেপোলিয়নের ফ্রান্সের বিরুদ্ধে আপাতদৃষ্টিতে অন্তহীন যুদ্ধ এমন সব পরিবারে নিয়ে এসেছিল “দারিদ্র্যের কঠোর চিমটি”, যেখানে “সেটি ইতোপূর্বে [আগে] অপরিচিত ছিল।” খাদ্যের অভাব ছিল এবং দ্রুত আরো ব্যয়বহুল হয়ে উঠছিল। তারপর, 11 মার্চ, 1811-এ, নটিংহামে, একটি টেক্সটাইল উৎপাদন কেন্দ্রে, ব্রিটিশ সৈন্যরা আরো কাজ এবং ভাল মজুরির দাবিতে বিক্ষোভকারীদের ভিড় ছত্রভঙ্গ করে দেয়।

সেই রাতে, বিক্ষুব্ধ শ্রমিকরা পাশের একটি গ্রামে টেক্সটাইল যন্ত্রপাতি ভাংচুর করে। প্রথম দিকে অনুরূপ আক্রমণগুলি রাতে ঘটছিল, তারপর বিক্ষিপ্তভাবে [অনিয়মিতভাবে] এবং তারপরে অবশেষে ঢেউয়ের আকারে উত্তর ইংল্যান্ডের একটি 70 মাইল অঞ্চল [বিস্তৃত এলাকা] জুড়ে দক্ষিণে লাফবরো থেকে উত্তরে ওয়েকফিল্ড পর্যন্ত ছড়িয়ে পড়ে। একটি জাতীয় আন্দোলনের ভয়ে, সরকার শীঘ্রই কারখানা রক্ষার জন্য হাজার হাজার সৈন্য মোতায়েন করে। পার্লামেন্টে যন্ত্রপাতি ভাঙাকে একটি গুরুতর অপরাধ হিসাবে গণ্য করার জন্য একটি ব্যবস্থা পাস করা হয়।

কিন্তু লুডাইটরা ততটা সংগঠিত বা বিপজ্জনক ছিল না যতটা কর্তৃপক্ষ বিশ্বাস করছিল। তারা কিছু কারখানায় আগুন ধরিয়ে দেয় বটে, কিন্তু মূলত তারা নিজেদেরকে যন্ত্রপাতি ভাঙার মধ্যেই সীমাবদ্ধ রাখে। প্রকৃতপক্ষে, তারা যতটা সহিংসতা করেছিল তার চেয়ে বেশি শিকার হয়েছিল। সবচেয়ে রক্তক্ষয়ী ঘটনাগুলির মধ্যে একটিতে, 1812 সালের এপ্রিলে, প্রায় 2,000 জন বিক্ষোভকারী ম্যানচেস্টারের কাছে একটি মিলের কাছে ভিড় করে। মালিক তার লোকদের ভিড়ের মধ্যে গুলি চালানোর নির্দেশ দেন, ফলে অন্তত 3 জন নিহত এবং 18 জন আহত হন। পরের দিন সৈন্যরা অন্তত আরো 5 জনকে হত্যা করে।…

উৎস: Richard Conniff, “What the Luddites Really Fought Against,” *Smithsonian Magazine,* March 2011

## নথি 3

আলু ফসলের ব্যর্থতার কয়েক বছর আগে গ্যালওয়ে অনাহার দাঙ্গা সংঘটিত হয়েছিল। 1845 সালে আইরিশ আলুর দুর্ভিক্ষ শুরু হয়।



**একটি আলুর দোকানে হামলা।**

উৎস: "Ireland, Attack on a Potato Store – The Galway Starvation Riots," *The Illustrated London News*, June 25, 1842, text and scan by Philip V. Allingham, The Victorian Web

25 জুন, 1842, শনিবার তারিখে শেষ হওয়া সপ্তাহের জন্য *দ্য ইলাস্ট্রেটেড লন্ডন নিউজ* (*The Illustrated London News*) "গ্যালওয়ে অনাহার দাঙ্গা" ("The Galway Starvation Riots") শিরোনামের অধীনে, 13 তারিখে আইরিশ দরিদ্রদের হতাশা কীভাবে তাদের গ্যালওয়ে শহরের একটি আলুর দোকানে আক্রমণ করতে প্ররোচিত করেছিল তার বিবরণ দেয়, যখন পরবর্তী ফসল কাটা এবং তাদের ক্ষুধাজনিত দুর্দশার উপশম [হ্রাস পাওয়া] হতে আরো আরো এক মাস বাকি। যদিও আক্রমণকারীদের নেতৃত্বে ছিল ক্ষুধার্ত নারী ও শিশুরা, কিন্তু ভিড়ের পেছনে ছিল শক্তিশালী ক্ল্যাডডো জেলেদের একটি দল। গুঁড়ো ওটমিলের একটি স্টোরহাউস লুণ্ঠন করতে যাওয়ার সময় এই জনতা পুলিশ এবং 30 তম রেজিমেন্টের সদস্যদের একটি শক্তিশালী বাহিনী সহ স্থানীয় শেরিফের উপর আক্রমণ করার সাহস করেছিল। তাদের বিজয়ের পর (সৈন্যরা নারী ও শিশুদের উপর গুলি চালাতে অস্বীকার করার কারণে) জেলেরা দাবী দিয়েছিল যে তাদের সমুদ্রে ফিরে যাওয়ার আগে গির্জার ঘণ্টা বাজাতে হবে এবং শহরের জানালাগুলো আলোকিত করতে হবে। লাফরিয়াতেও একই ধরনের বিশৃঙ্খলা ঘটেছে বলে জানা গেছে।

## নথি 4

জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার (United Nations High Commissioner for Refugees, UNHCR)-এর প্রতিবেদনে বলা হয়েছে, দারফুরের সুদানী অঞ্চলে শাদিয়ান শরণার্থীদের আবাসস্থল একটি শিবিরের ভিতরে খাদ্য দাঙ্গার সময় একজন নিহত এবং ছয়জন আহত হয়েছে।

সংস্থাটি জানিয়েছে, মঙ্গলবার সকালে পশ্চিম দারফুর রাজ্যের রাজধানী এল জেনিনার প্রায় 70 কিলোমিটার দক্ষিণ-পূর্বে উম শালায়াতে অবস্থিত ক্যাম্পে এ ঘটনা ঘটে।

শত শত লাঠি বহনকারী নারী সোরঘামের* প্রাপ্যতার অস্থায়ী হ্রাসের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করেছে, যা উৎপাদনগত সমস্যার কারণে শাদ এবং সুদান উভয় দেশেই ব্যাপকভাবে খাওয়া হয়। ক্রমাগত নিরাপত্তাহীনতার কারণে এল জেনিনা থেকে উম শালায়াতে অবস্থিত ক্যাম্পে নিরাপদে খাদ্য পরিবহন করা কঠিন হয়ে পড়েছে।

UNHCR রিপোর্ট করেছে যে ভিড়ের কিছু সদস্য ঘটনাস্থলে সাহায্য কর্মীদের দ্বারা উদ্বাস্তুদের শান্ত করার প্রচেষ্টা সত্ত্বেও স্থানীয় পুলিশদের মুখোমুখি হয়েছিল এবং তাদের একজনকে আক্রমণ করেছিল। পুলিশ বাতাসে গুলি চালায় এবং বিভ্রান্তির মধ্যে, 26 বছর বয়সী একজন পুরুষ উদ্বাস্তু বুকে গুলিবিদ্ধ হয় এবং পরে মারা যায়।

সুদানে UNHCR-এর প্রতিনিধি ক্রাইসান্টাস আচে বলেছেন, "ঘটনাটি অত্যন্ত দুঃখজনক এবং প্রথমত ও সর্বাগ্রে আমরা আহত শরণার্থী সম্প্রদায় এবং পুলিশ উভয়ের সম্প্রদায় এবং পরিবারগুলির প্রতি আমাদের সহানুভূতি প্রকাশ করছি।"

"আমরা সব পক্ষকে শান্তি ও সংযমের আহ্বান জানাই," মিঃ আচে বলেছেন। "আমরা বর্তমানে সরকারের সাথে একত্রে ঘটনার যথাযথ তদন্ত করছি এবং আমরা আশা করি যে, আমরা ভবিষ্যতে শিবিরে কীভাবে এই ধরনের ঘটনা এড়াতে পারি সে বিষয়ে উদ্বাস্তুদের সাথে দ্রুত একটি বোঝাপড়ায় পৌঁছাতে পারব।"

প্রায় 6,600 উদ্বাস্তু উম শালায়ায় বাস করে, যেখানে প্রতি মাসে পূর্ব শাদের নিজ এলাকায় সহিংসতা থেকে পালিয়ে আসা নতুন আশ্রয়প্রার্থী যোগ দিচ্ছে, যেখানে বিদ্রোহীরা মাসের পর মাস ধরে সরকারি বাহিনীর সাথে লড়াই করছে।...

সুদানের পশ্চিম প্রান্তে একটি বিস্তীর্ণ এবং দরিদ্র অঞ্চল দারফুর জুড়ে মানবিক কনভয়গুলির বিরুদ্ধে বারবার হামলার বিষয়ে জাতিসংঘের উদ্বেগের মধ্যেই এই সপ্তাহের খাদ্য দাঙ্গা সংঘটিত হয়েছে।...

উৎস: "Food riot at refugee camp in Darfur kills one, injures six others – UN," UN News online, September 4, 2008

* সোরঘাম হল সাব-সাহারান আফ্রিকার মানুষ এবং গবাদি পশুদের দ্বারা খাওয়া একটি খাদ্যশস্য

## নথি 5

বেইজিং - উত্তর চিনে এই সপ্তাহে বিশ্বের বৃহত্তম ইলেকট্রনিক্স প্রস্তুতকারকদের মধ্যে একটি কারখানার দাঙ্গার মূলে ছিল ক্রমবর্ধমান অর্থনৈতিক চাপ এবং দেশের বিশাল অভিবাসী শ্রমিকদের মধ্যে খারাপ কাজের অবস্থার কারণে অস্থিরতা, বিশ্লেষকরা বলছেন, যদি অভিযোগগুলি সমাধান না করা হয়, তাহলে এমন ঘটনা আরো বাড়তে পারে।

রবিবার দিনের শেষে শুরু হওয়া দাঙ্গায় তাইওয়ান-ভিত্তিক সুবিশাল উৎপাদন প্রতিষ্ঠান ফক্সকনের একটি শাখায় প্রায় 2,000 কর্মী জড়িত ছিল, যারা তাদের প্রতিক্রিয়া হিসাবে কারখানাটি সাময়িকভাবে বন্ধ করে দেয়। সাম্প্রতিক অস্থিরতাগুলি চিনের অর্থনীতিতে মন্দার লক্ষণ, এবং অ্যাপল দ্বারা একটি নতুন আইফোন লঞ্চ করার সাথে একই সময়ে দেখা দিয়েছে, যা তাদের প্রধান চিনা সরবরাহকারী হিসাবে ফক্সকনের উপর নির্ভর করে।

"কিছু কিছু ক্ষেত্রে এই ধরনের দাঙ্গা অনিবার্য হয়ে উঠেছে," চিনের উৎপাদন কেন্দ্রের কেন্দ্রবিন্দু শেনজেনের শ্রম বিশেষজ্ঞ লিউ কাইমিং বলেছেন। "এটি এখন আর কেবল মজুরি বাড়ানোর বিষয় নয়।"…

তরুণ অভিবাসী শ্রমিকরা যাদের শ্রম চিনের অর্থনীতি এবং বৈশ্বিক উৎপাদন খাতের বৃদ্ধির পেছনে অনেকাংশে দায়ী তাদের জনসংখ্যার ধরন ও আকাঙ্ক্ষায় পরিবর্তন আসতে শুরু করেছে। বিশেষজ্ঞদের মতে, শ্রমিকদের সংখ্যা কমে যাচ্ছে, কারণ চিনের প্রদেশগুলির শ্রমিকরা আরো ভাল শিক্ষিত হয়ে উঠেছে এবং তাদের জীবনের জন্য প্রত্যাশার পরিমাণ বাড়ছে।…

কিন্তু কারখানার চাকরির বিপুল চাহিদা জনসংখ্যার সাথে পরিবর্তিত হয়নি, যা অনেককে হতাশ করেছে। বেশিরভাগ চাকরির জন্য খুব অল্প শিক্ষার প্রয়োজন হয় বা, অনেক ক্ষেত্রে, দক্ষতা - শুধুমাত্র তীব্রতা থাকলেই চলে।

"কোম্পানিগুলি কীভাবে সেই তীব্রতাকে পরিচালিত করতে হয় তা খুঁজে পায়নি," গ্যালাঘার বলেছিলেন। "প্রয়োজনীয় নির্ভুলতার কারণে এটি তীব্র। প্রযুক্তির পরিবর্তন এবং নতুন মডেলের চাহিদার কারণেও এটি তীব্র। এবং যখন কর্মীদের সংখ্যা সঙ্কুচিত হচ্ছে, ফলে তাদের উপর চাপও বাড়ছে।"...

উৎস: William Wan, "Foxconn riot in China unlikely to be the last, experts say," *The Washington Post*, September 25, 2012

## বিকল্প পরিকল্পনার পৃষ্ঠা

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা পরিকল্পনা পৃষ্ঠা

আপনি পরিকল্পনার পৃষ্ঠার অর্গানাইজারটি আপনার সাড়া প্রদানের পরিকল্পনার ব্যবহার করতে পারেন, কিন্তু আপনার রচনাটি এখানে লিখবেন না। পরিকল্পনা পৃষ্ঠায় কিছু লিখলে তা আপনার চূড়ান্ত নম্বরের সাথে যুক্ত হবে **না**।

আমার দীর্ঘস্থায়ী সমস্যা হল: ____________________________________________

| **রচনা লেখার প্রয়োজনীয়তাসমূহ** | হ্যাঁ | প্রযোজ্যটি বৃত্তাকারে চিহ্নিত করুন | বাইরের তথ্যের জন্য একটি বা দুটি সম্ভাব্য ধারণা |
|---|---|---|---|
| এই বিষয়টি কি *অন্তত* ***তিনটি*** নথি দ্বারা সমর্থিত?<br><br>কোন নথি এই বিষয়টি সমর্থন করে? | | 1 2 3 4 5 | |
| এই ব্যাপারটির ব্যাখ্যা তৈরিতে কোন নথিটি ব্যবহার করা যেতে পারে? | | 1 2 3 4 5 | |
| ব্যাপারটা কি বেশ উল্লেখযোগ্যভাবে মানুষকে প্রভাবিত করেছে অথবা মানুষ দ্বারা প্রভাবিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলোতে আপনি এটি দেখছেন? | | 1 2 3 4 5 | |
| বিষয়টি কি সময়ের সাথে স্থায়ী থেকেছে না সময়ের সাথে পরিবর্তিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলোতে আপনি এটি দেখছেন? | | 1 2 3 4 5 | |

এই কাজটি পর্যালোচনা করতে পৃষ্ঠা 20 এ যান।

রচনা পুস্তিকার লাইন টানা পৃষ্ঠাগুলিতে আপনার রচনা লিখুন।

REGENTS EXAM IN GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION

পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত

REGENTS EXAM IN GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION